

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬৭/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ৩০ নভেম্বর, বৃহস্পতিবার ২০২৩, ১৫ অগ্রহায়ন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। পদধারী স্বতন্ত্র প্রার্থীদের অবশ্যই দলীয় শৃঙ্খলা মাথায় রাখতে হবে- তথ্য ও সম্প্রচারমন্ত্রী
- ০২। অবাধ, শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য নির্বাচন করতে ইসি সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে- সিইসি
- ০৩। সর্বত্র নির্বাচনের আমেজ

০১। পদধারী স্বতন্ত্র প্রার্থীদের অবশ্যই দলীয় শৃঙ্খলা মাথায় রাখতে হবে- তথ্য ও সম্প্রচারমন্ত্রী

নির্বাচনে সবসময় স্বতন্ত্র প্রার্থী ছিলো এবং থাকে, অনেক স্বতন্ত্র প্রার্থী নির্বাচিতও হয়। তবে আমাদের দলের যারা পদধারী স্বতন্ত্র প্রার্থী তাদেরকে অবশ্যই দলীয় শৃঙ্খলা মাথায় রাখতে হবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, আপনারা দেখতে পাচ্ছেন দেশে নির্বাচনকে ঘিরে ব্যাপক উৎসাহ উদ্দীপনা তৈরি হয়েছে। সারা দেশে এখন নির্বাচনী আমেজ বইছে। বুধবার (২৯ নভেম্বর) দুপুরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চট্টগ্রাম-৭ আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ড. হাছান মাহমুদ কয়েকজন দলীয় নেতাকে সাথে নিয়ে চট্টগ্রামের ডেপুটি কমিশনারের কার্যালয়ে মনোনয়নপত্র জমা দিতে যান। মনোনয়নপত্র জমাদান শেষে সাংবাদিকদের মুখোমুখি হলে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

০২। অবাধ, শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য নির্বাচন করতে ইসি সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে- সিইসি

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল বলেছেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য হয় সেটি নিশ্চিত করতে নির্বাচন কমিশন সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে। বুধবার (২৯ নভেম্বর) বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে কমিশনের সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলের এক বৈঠক শেষে সিইসি এসব কথা বলেন। এসময় তিনি নির্বাচনকে সামনে রেখে ইসির প্রস্তুতি সম্পর্কে তাদের জানানো হয়েছে এবং নির্বাচনের সাংবিধানিক সীমাবদ্ধতা তারা বুঝতে পেরেছেন বলেও উল্লেখ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

০৩। সর্বত্র নির্বাচনের আমেজ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে সারাদেশের মতো ময়মনসিংহ বিভাগের সর্বত্র নির্বাচনের আমেজ বিরাজ করছে। বিভিন্ন রাজনৈতিক দলের মনোনয়নপ্রার্থীরা উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে নিজেদের মনোনয়নপত্র জমা দিচ্ছেন। নির্বাচনকে ঘিরে নির্বাচন কমিশনসহ নির্বাচন সংশ্লিষ্ট দপ্তরগুলোতে চলছে কর্মযজ্ঞ। রাজনৈতিক কর্মীরা ভোটারদের সঙ্গে জনসংযোগ করছেন এবং বিভিন্ন জায়গায় মনোনীত প্রার্থীদের সংবর্ধিত করা হচ্ছে। এদিকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন আজ বৃহস্পতিবার (৩০ নভেম্বর)। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সবুজ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** বাংলাদেশের সুন্দর ভবিষ্যৎ গড়ার স্বার্থে এমনকি রাজনৈতিক দলগুলোর নিজেদের অস্তিত্বের স্বার্থে মেধাবী তরুণদের রাজনীতিতে প্রত্যক্ষ এবং পরোক্ষ অংশগ্রহণ করা খুব জরুরী। গণতান্ত্রিক শাসন ব্যবস্থাকে প্রগতিশীল করতে, রাষ্ট্রীয় কাঠামোকে সুদৃঢ় করতে, দেশের স্বার্থকে সর্বোচ্চ উপরে বিবেচনা করতে তরুণদের রাজনীতিতে অংশগ্রহণ করানোর কোন বিকল্প নেই।
- (খ) **দৈনিক স্বজন:** বাংলাদেশের যোগাযোগব্যবস্থায় রেলপথের অবদান ক্রমেই বাড়ছে। তবে এখনো রেলপথে রয়েছে রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনাগত সমস্যা। এই অবস্থার উত্তরণে রেলওয়ের উচিত যাত্রীসেবার মান বাড়ানোর বাস্তবসম্মত পদক্ষেপ নেয়া।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** অক্টোবরের পর নভেম্বর রেমিট্যান্স প্রবৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। দেশের অর্থনীতির সবচেয়ে আলোচিত ও উদ্বিগ্নজনক সূচক বিদেশি মুদ্রার সঞ্চয়ন বা রিজার্ভের অন্যতম প্রধান উৎস প্রবাসীদের পাঠানো রেমিটেন্স। রেমিটেন্সে সুবাতাস অর্থনীতিতে আবার চাঞ্চাভাবে ফিরিয়ে আনবে বলে আশা করছেন অর্থনীতিবিদরা।

প্রবন্ধ/নিবন্ধ

- ১। শব্দ দূষণ নিয়ন্ত্রণে প্রয়োজন সম্মিলিত প্রচেষ্টা-দিলরুবা আহমেদ। সূত্র- দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বজন।
- ২। বাংলাদেশে জাকাতের সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ-ব্রিগেডিয়ার জেনারেল নুর (অব.)। সূত্র দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস।
- ৩। মানুষ ও প্রযুক্তি-শহিদুল ইসলাম। সূত্র-দৈনিক সবুজ।

#